

বাংলাদেশ ব্যাংক

Website: www.bb.org.bd

প্রধান কার্যালয়

ডাকবাংলো নং ৩২৫

ঢাকা।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সার্কুলার নং- ১১

তারিখঃ ২৯ অগ্রহায়ন, ১৪১৯ বাং

১৩ ডিসেম্বর, ২০১২ ইং

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

Market Infrastructure (MI) Module এ Trader Work Station এর মাধ্যমে Secondary Trading প্রসংগে।

বাংলাদেশ সরকার ট্রেজারি বন্ড (বিজিটিবি) এবং ট্রেজারি বিলের দ্বিতীয় স্তর বাজার সম্প্রসারণ, বাজার ভিত্তিক দর উদ্ভাবন এবং ব্যক্তি প্রতিষ্ঠান নির্বিশেষে সকল শ্রেণির বিনিয়োগকারীদের অংশগ্রহণ সহজতর করার লক্ষ্যে Over The Counter (OTC) Trade এর পাশাপাশি সম্পূর্ণ অনলাইনভিত্তিক Trader Work Station (TWS) পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। TWS এ সরকারি সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের যোগ্যতা, দায়-দায়িত্ব, কার্যপদ্ধতি ও অন্যান্য প্রাসঙ্গিক বিধি-বিধান নিম্নে উল্লেখ করা হ'ল :

১. ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান ও প্রাতিষ্ঠানিক গ্রাহকদের TWS এর মাধ্যমে সরকারি সিকিউরিটিজের সেকেন্ডারি ট্রেডিং এ অংশগ্রহণের জন্য প্রথমাবস্থায় সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের অনুমোদন গ্রহণ করতে হবে;
২. TWS এর মাধ্যমে যে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান যেমন : ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, কর্পোরেট প্রতিষ্ঠান, ভবিষ্য তহবিল, পেনশন তহবিল, মিউচুয়াল ফান্ড ইত্যাদি বাংলাদেশ সরকার ট্রেজারি বন্ড (বিজিটিবি) ও ট্রেজারি বিল ক্রয়-বিক্রয়ে অংশগ্রহণ করতে পারবে;
৩. TWS এর মাধ্যমে সরকারি সিকিউরিটিজের সেকেন্ডারি ট্রেডিং এ ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের অংশগ্রহণের বিষয়টি সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান নিশ্চিত করবে;
৪. যে কোন ব্যক্তি বা প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী বাংলাদেশ ব্যাংকের সাথে চলতি হিসাব পরিচালনাকারী প্রাইমারি ডিলার/তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে TWS এ ক্রয়-বিক্রয়ে অংশগ্রহণ করতে পারবে;
৫. প্রাইমারি ডিলার/ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তাদের MI Module ব্যবহারের জন্য প্রয়োজ্য User ID এর মাধ্যমে TWS এ অংশগ্রহণ করতে পারবে। প্রয়োজনবোধে TWS এ অংশগ্রহণের সুবিধার্থে বাংলাদেশ ব্যাংকে (সিকিউরিটিজ শাখা, মতিঝিল অফিস) আবেদন সাপেক্ষে নতুন User ID খোলা যাবে;
৬. গ্রাহকের পক্ষে ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক (সিকিউরিটিজ শাখা, মতিঝিল অফিস) MI Module এ গ্রাহকের নামে Business Partner ID (BP ID) হিসাব খুলতে পারবে। একই গ্রাহক একসাথে একাধিক ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের সাথে BP ID হিসাব খোলার মাধ্যমে TWS এ অংশগ্রহণ করতে পারবে;
৭. ইতঃপূর্বে ইস্যুকৃত এবং নিলাম পঞ্জিকা অনুসারে নতুন ইস্যুকৃত সকল ট্রেজারি বিল ও বিজিটিবি TWS এর মাধ্যমে ক্রয়-বিক্রয় যোগ্য হবে;
৮. বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<http://180.211.208.61/bbwebsite/ticker/miticker.php>) প্রদর্শিত Ticker Screen এ সকল ট্রেজারি বিল ও বন্ডের বর্তমান বাজারমূল্য, Yield, পরিমাণ, ইস্যুর তারিখ, মেয়াদোত্তীর্ণের তারিখ ইত্যাদি তথ্য প্রদর্শিত হবে;
৯. যে কোন ক্রেতা/বিক্রেতা Ticker Screen এ প্রদর্শিত Price বা Yield এ বিজিটিবি বা ট্রেজারি বিল ক্রয়/বিক্রয়ের জন্য তার ব্যাংকের মাধ্যমে TWS এ অর্ডার প্রদান করতে পারবে;
১০. TWS এর মাধ্যমে বিজিটিবি বা ট্রেজারি বিল ক্রয়/বিক্রয়ের সেটেলমেন্টের ক্ষেত্রে (t+0) পদ্ধতি অনুসৃত হবে;
১১. TWS এর Ticker Screen এ সিকিউরিটিজ ক্রয়-বিক্রয়ের মোট পরিমাণ, সর্বনিম্ন ও সর্বোচ্চ বাজার মূল্য, Yield, দৈনিক ক্রয়-বিক্রয়কৃত সিকিউরিটিজের মোট মূল্য, Yield এর শতকরা পরিবর্তন ইত্যাদি প্রদর্শিত হবে;
১২. বাজার দরের অস্বাভাবিক হ্রাস/বৃদ্ধি রোধে প্রয়োজনবোধে বাংলাদেশ ব্যাংক TWS এর গতিরোধক (Circuit Breaker) আরোপ করবে;
১৩. TWS এর মার্কেট ওয়াচ স্ক্রীনে বাজারের তথ্য-উপাত্ত/গতিবিধি পর্যবেক্ষণ করার সুযোগ রয়েছে। মার্কেট ওয়াচ স্ক্রীনে সকল অর্ডার এবং ক্রয়/বিক্রয়কৃত সিকিউরিটিজের বিস্তারিত তথ্য জানা যাবে।

১৪. TWS এর অর্ডার বুক হতে সদস্যরা তাদের প্রতিটি অর্ডারের বিস্তারিত তথ্য জানতে পারবে এবং ক্রয়/বিক্রয় সম্পন্ন হওয়ার পূর্বে প্রয়োজনে অর্ডার বাতিল বা অর্ডার পরিবর্তন করতে পারবে;
১৫. TWS এর প্রত্যেক সদস্যের মোট ক্রয়-বিক্রয়সহ নীট স্থিতি জানার সুযোগ রয়েছে;
১৬. TWS এর মাধ্যমে বিজিটিবি ও ট্রেজারি বিল ক্রয়-বিক্রয় প্রতি কর্ম দিবস বেলা ১০.০০টা হতে দুপুর ৫.০০টা পর্যন্ত উন্মুক্ত থাকবে;
১৭. তফসিলি ব্যাংক ট্রেজারি বিল/বন্ড ক্রয়ের ক্ষেত্রে (নিজস্ব অথবা তার গ্রাহকের জন্য) পূর্বেই বাংলাদেশ ব্যাংক মতিবিল অফিসের DAB তে রক্ষিত চলতি হিসাবে সিকিউরিটিজের মূল্য বাবদ প্রয়োজনীয় অর্থের সংস্থান নিশ্চিত করবে। সিকিউরিটিজ ক্রেতা ব্যাংক MI Module Terminal এর মাধ্যমে সংশ্লিষ্ট সিকিউরিটিজ তার নিজস্ব BP ID অথবা গ্রাহকের BP ID তে জমা হওয়ার বিষয়ে নিশ্চিত হবেন। বিক্রেতা ব্যাংক সিকিউরিটিজের মূল্য বাবদ অর্থ নিজস্ব ব্যাংকের চলতি হিসাবে আকলন হওয়ার বিষয়ে নিশ্চিত হবেন। সিকিউরিটিজ বা ফান্ডের অভাবে কোন সেটেলমেন্ট প্রক্রিয়া ব্যর্থ হলে ব্যর্থ পক্ষ পরবর্তী ৭ (সাত) কর্মদিবসে যে কোন প্রকার সেকেন্ডারি ট্রেডিং ও আন্তঃব্যাংক রিপো কার্যক্রমে অংশগ্রহণে অনুপযুক্ত বিবেচিত হবে। অধিকন্তু, ব্যর্থ ক্রেতা/বিক্রেতা/ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান মোট লেনদেন মূল্যের উপর সংশ্লিষ্ট কার্যদিবসের গড় ভারিত Inter Bank Repo Rate+2% হারে প্রতিপক্ষকে জরিমানা প্রদানে বাধ্য থাকবে;
১৮. Trader Work Station (TWS) এর মাধ্যমে সেকেন্ডারি মার্কেটে ক্রয়-বিক্রয় আগামী ১৭ ডিসেম্বর, ২০১২ হতে কার্যকর হবে।

Trader Work Station (TWS) ব্যবহারের User Manual এর সফটকপি অত্র বিভাগ হতে সংগ্রহ করা যাবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/ =

(বিষ্ণু পদ সাহা)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০১৩১